

কলেজ শিক্ষকদের কর্মসূচি প্রত্যাহার

যুগান্তর রিপোর্ট

আজ দেশের সরকারি কলেজ, মাদ্রাসা ও শিক্ষক প্রশিক্ষণ কলেজে শিক্ষকদের তিনদিনের কর্মবিরতি পালনের কর্মসূচি প্রত্যাহার করে নিয়েছে বিসিএস সাধারণ শিক্ষা সমিতি। গতকাল শিক্ষামন্ত্রী ড. এম. কর্মসূচি : পৃষ্ঠা ১৩ : কলাম ৩

কর্মসূচি : প্রত্যাহার

(বেশ পৃষ্ঠার পর)

ওসমান ফারুকের সঙ্গে দাবি-দাওয়া গ্রন্থে সমিতির নেতৃবৃন্দের এক ফলপ্রসূ আলোচনার পর এ সিদ্ধান্ত নেয়া হয়। শিক্ষামন্ত্রীর সভাকক্ষে অনুষ্ঠিত সভায় সমিতির সভাপতি অধ্যাপক মোহাম্মদ কফিল উদ্দিন ও মহাসচিব আই কে কামিল উদ্দাহ যোদ্ধার উপস্থিত ছিলেন। শিক্ষা সংশ্লিষ্ট অফিস থেকে প্রণাসন ক্যাডাভারের কর্মকর্তাদের প্রত্যাহারসহ বিভিন্ন দাবিতে কর্মবিরতি কর্মসূচি ঘোষণার পরিপ্রেক্ষিতে গত ১১ মে শিক্ষামন্ত্রীর সঙ্গে সমিতির নেতৃবৃন্দের এক বৈঠক অনুষ্ঠিত হয়েছিল। তা ব্যর্থ হওয়ায় শিক্ষকরা তাদের কর্মসূচিতে অনড় ছিলেন। কিন্তু গতকালের সভায় শিক্ষামন্ত্রী গিফতে নেতৃবৃন্দের হানান তাদের দাবি-দাওয়া অনুযায়ী প্রণাসনিক পদ থেকে উপসচিবদের প্রত্যাহার প্রক্রিয়া অব্যাহত আছে এবং যত দ্রুত সম্ভব সব দাবি-দাওয়া পূরণ করা হবে। তিনি আগামী ১৩ জুন অনুষ্ঠিতব্য সমিতির সাধারণ সভায় উপস্থিত থাকারও আশ্বাস দেন। শিক্ষামন্ত্রী উপজেলা শিক্ষা কমিটিতে সরকারি কলেজ শিক্ষকদের যথাযথ সম্মানে প্রদানে পদক্ষেপ নেয়া হবে বলেও আশ্বাস দেন। তবে শিক্ষক নেতৃবৃন্দ জানিয়েছেন, অবিলম্বে দাবির পুরোপুরি বাস্তবায়ন না হলে সদস্যদের মধ্যে আলোচনাক্রমে পুনরায় আন্দোলন কর্মসূচি নেয়া হবে।